

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়
১ম-১২ তলা সরকারী অফিস ভবন (৪র্থ তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cgdf.gov.bd

নং- সিজিডিএফ/সিআরডি/সাকফল্য/৩৫৯/১০৭

তারিখ: ১৫ চৈত্র, ১৪২২ বঃ।
২৯ মার্চ, ২০১৬ খ্রিঃ।

সিনিয়র সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

[দৃষ্টি আকর্ষণ: ডি-১৫ অধিশাখা]

বিষয়: সরকারের ৭ (সাত) বছরের অগ্রগতির তথ্য প্রচারের ব্যবস্থাকরণ সম্পর্কিত।

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-২৩.০০.০০০০.১৫০.১৬.০১৩.১৪.৭২, তারিখ: ১০/০৩/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে “সরকারের ৭ (সাত) বছরের অগ্রগতির তথ্য প্রচারের ব্যবস্থাকরণ সম্পর্কিত” সিজিডিএফ কার্যালয়ের/প্রতিরক্ষা অর্থবিভাগের তথ্যাদি নিম্নরূপ:

- সিজিডিএফ কার্যালয় ও আওতাধীন সকল এসএফসি, এফসি, এরিয়া এফসি ও এফপিও (মোট ২৮ টি অফিস) অফিস সমূহকে ইন্টারনেট সুবিধার আওতায় আনা হয়েছে। ফলে সিজিডিএফ কার্যালয়ের ওয়েব সাইটটি পরিচালনা ও আপডেট করণসহ নিয়ন্ত্রণাধীন ২৮টি (এসএফসি, এফসি, এরিয়া এফসি ও এফপিও অফিস সমূহ) কার্যালয়সহ সিএজি কার্যালয়, প্রতিরক্ষা ও অন্যান্য মন্ত্রণালয় এবং সশস্ত্র বাহিনীর কার্যালয় সমূহের সাথে অনলাইনে যোগাযোগ রক্ষা করা সম্ভব হচ্ছে।
- সিজিডিএফ কার্যালয় ও আওতাধীন সকল এসএফসি, এফসি, এরিয়া এফসি ও এফপিও (মোট ২৮ টি অফিস) অফিস সমূহে ওয়েব মেইল ব্যবস্থা চালুকরণের ফলে সিজিডিএফ কার্যালয় ও আওতাধীন ২৮ টি অফিসের সাথে যাবতীয় চিঠিপত্র আদানপ্রদান ও অন্যান্য অফিসিয়াল কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করণের জন্য ওয়েব মেইলের মাধ্যমে জরুরী কার্যক্রম সম্পন্নসহ যোগাযোগ রক্ষা করা সহজতর হচ্ছে।
- এফসি (আর্মি) পে-১ কার্যালয়ে সেনাবাহিনীর কমিশন্ড অফিসারদের বেতন/ভাতা সংক্রান্ত বিষয়াদি Army officers payroll Management Software এর মাধ্যমে অটোমেশন করণসহ স্বচ্ছতার সাথে যথাসময়ে ও দ্রুততম সময়ে প্রাপ্যতা প্রদান করা সহজতর হচ্ছে।
- এফসি (বিবিধ) কার্যালয়ের সেবা গ্রহণকারী সেনাবাহিনীর বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের জিপিএফ হিসাব ব্যবস্থা অটোমেশনকরণের আওতায় আনা হয়েছে এবং সফটওয়্যারের মাধ্যমে হালনাগাদ জিপিএফ হিসাব বিবরণী নির্ভুলভাবে দ্রুততার সাথে ইস্যু করা সম্ভব হচ্ছে।
- সিজিডিএফ কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন সকল কার্যালয়ের মাসিক হিসাবের সারাংশ একটি সফটওয়্যারের মাধ্যমে Compile করে নিয়মিতভাবে সিজিএ কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে।
- সিজিডিএফ কার্যালয়ে পারসোনেল ম্যানজমেন্ট এর জন্য একটি সফটওয়্যার তৈরী করা হচ্ছে। যার মাধ্যমে সকল কর্মকর্তা/কর্মচারীর চাকুরী সংক্রান্ত তথ্য সরক্ষণ, পদোন্নতি, বদলী ব্যবস্থাপনার পাশাপাশি নথি/পত্র ডিজিটাল ট্র্যাকিং ও ডিজিটাল হাজিরা ব্যবস্থাপনার উদ্যোগ নেওয়া হয়েছে।
- এসএফসি (নৌ) ও এসএফসি (এয়ার) কার্যালয়ে যথাক্রমে নৌবাহিনী ও বিমানবাহিনীর কমিশন্ড অফিসারদের বেতন/ভাতাদি অটোমেশনের আওতায় আনার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- এফসি (আর্মি) পে-২ কার্যালয়ে পেনশন পুনর্ভরণ এর বিষয়টি একটি সফটওয়্যারের মাধ্যমে সন্নিবিশিতকরণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।
- জাতীয় বেতন স্কেল/২০১৫ জারীর প্রেক্ষিতে অন লাইন পদ্ধতিতে বেতন নির্ধারণ।
- প্রতিরক্ষা অর্থ বিভাগের নথিসমূহ ডিজিটাল নম্বর পদ্ধতি ব্যবহারের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

- সরকারি দপ্তরে উদ্ভাবনী কার্যক্রমকে সুশৃঙ্খল, নিয়মতান্ত্রিক ও প্রাতিষ্ঠানিক করণের লক্ষ্যে উদ্ভাবন কর্ম পরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০১৫ প্রনয়ন ও সরকারি অফিসসমূহে ইনোভেশন টিম গঠন।
- সর্বস্তরে শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও প্রচার। সকল সরকারি অফিস সমূহে শুদ্ধাচার কমিটি গঠন।
- তথ্য অধিকার আইন/২০০৯ প্রণয়নের মাধ্যমে তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করা ও সরকারি অফিস সমূহে তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীল কর্মকর্তা নিয়োগ।

সংযুক্ত: সিডি-০১ টি।

স্বাঃ

(ফিরোজা বেগম)

ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স

ফোন: ৯৩৫৮৯০১

E-mail: dcgdf2@cgdf.gov.bd